শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

মুজিব শতবর্ষ

## ডিসেম্বর / ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৫৭ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য শুরু করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন "পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন গোলাপগঞ্জ-আমুড়া-বিয়ানীবাজার সড়কের চেইনেজ ৭৬৭৬ মিটারে কুশিয়ারা নদীর উপর ৮৩৮.৪০ মিটার দৈর্ঘের ব্রীজ নির্মাণ কাজের মূল্যায়ন প্রতিবেদন Purchasing Committee কর্তৃক ইতোমধ্যে অনুমোদিত হয়েছে; যেখানে প্রায় ১৪৪ কোটি টাকা ব্যয় হবে। আগামী ২ মাসের মধ্যে বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করা যাবে মর্মে উপজেলা প্রকৌশলী জানান। সিলেট টিলাগড়-গাছবাড়ী জিসি-কানাইঘাট হেড কোয়াটার সড়কের মেরামত কাজের দরপত্র ইতোমধ্যে গৃহীত হয়েছে এবং মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন প্রকল্পের মেরামত/উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। আগামী সপ্তাহের মধ্যে দরপত্র বিজ্ঞাপন আকারে পত্রিকায় প্রকাশ করা হবে এবং জানুয়ারি ২০২৪ মাসের সম্ভাব্য ১০/১১ তারিখের মধ্যে দরপত্র গ্রহণ করা হবে মর্মে উপজেলা প্রকৌশলী পরিষদকে অবহিত করেন।<br>তিনি আরো জানান যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে আগত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দের রাত্রিযাপন/বিশ্রামের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যমান শাপলা কোয়াটারের ২য় তলার পূর্ব পাশ্বের ফ্লোর মেরামত করা আবশ্যক যেখানে ১,২২,০০০.০০(এক লক্ষ বাইশ) টাকা ব্যয় হবে, যাহা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা প্রকৌশলী কর্তৃক কুশিয়ারা নদীর উপর ব্রীজ নির্মাণ সহ বিভাগীয় বিভিন্ন মেরামত/উন্নয়ন কার্যক্রম তুলে ধরার জন্য পরিষদ কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন করা হলো। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সুষ্টভাবে পরিচালনার স্বার্থে শাপলা ভবনের মেরামত কার্যক্রমটি পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবংউপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে ২০,০০,০০০/-টাকার প্রকল্প প্রস্তাবনা পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইউজিডিপি কার্যালয়ে প্রেরনের সিদ্ধান্ত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় ৬ষ্ট পর্যায়ে স্মারকনং৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৬).২০২২.১৪৬২তাং৪/১২/২০২৩ মূলে প্রাপ্ত ২০ লক্ষ টাকার বিপরীতে নিম্নোক্ত প্রকল্প গুলো চুড়ান্ত করা হয়। (১) (ক) গোলাপগঞ্জ উপজেলার ঢাকাদক্ষিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিদ্যমান টিনশেড ভবন মেরামত (১) (খ) নবনির্মিত লিটল ষ্টার স্কুল ফর স্পেশাল চাউল্ড ভবনে সেপটিক টেংক সহ সেনিটেশন সংক্রান্ত আইটেম সমূহ স্থাপন, ছাত্রছাত্রীদের নিরাপত্তার স্বার্থে বারান্দায় রেলিং স্থাপন এবং সংযোগ সড়ক সহ মাঠ ব্যবহার উপযোগী করার জন্য মাটি ভরাট এবং(১)(গ) গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে উচু নিচু ব্রেঞ্চ সরবরাহ বাবদ ১০,০০,০০০.০০ টাকা (২) গোলাপগঞ্জ উপজেলার আমুড়া ইউনিয়নের শিকপুর- উপর ঘাঘুয়া সড়কের ইট সলিংএর প্রান্ত থেকে রাস্তা উন্নয়ন বাবদ ১০,০০,০০০.০০ টাকার প্রকল্প প্রস্তবনা সমূহ উপজেলা পরিষদ থেকে অনুমোদনের লক্ষ্যে তিনি উপস্থাপন করেন। | | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | সহকারী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১২৪১০জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫৫১ জন ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ১৫৫০ জন. নরমাল প্রসব সেবা ৬০ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ. ইসিজি ৮০ টি. সিজারিয়ান প্রসব সেবা ০৪ জন। ল্যাব টেষ্ট ৪৮০.আরবিএস ১২০। | বহিঃবিভাগ ও আন্তঃবিভাগের রোগীদের প্রয়োজণীয় চিকিৎসা সেবা প্রদান সহ স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, নভেম্বর/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০১৯৮ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৯২৯ জন, হার ৭৯.৫৪%। গর্ভকালীন সেবা ৭৯৫ জন, প্রসব সেবা ৮৩ জন, গর্ভোত্তর সেবা ২৮৫ জন, শিশু সেবা ৮৯৯ জন, রোগী ৩৩১৬ জন, জীবিত জন্মের সংখ্যা ২৫২জন, মৃত্যুর সংখ্যা ৭১ জন, সর্বমোট গর্ভবতী ১৯৩২ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৪৫১ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান,গোলাপগঞ্জ উপজেলায় আজ পর্যন্ত আমন কর্তন হয়েছে ৮৮%। মোট লক্ষ্যমাত্রা ছিল ১১৪৬৫ হে. অর্জন হয়েছে ১১৭১৬ হেক্টর। গত বছরের তুলনায় ২৫১ হেক্টর আবাদ বৃদ্ধি পেয়েছে। বোরো আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭৬২০ হেক্টর।এ বছর সরিষা আবাদের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭৫৭ হেক্টর। অর্জন হয়েছে ৭১৫ হেক্টর। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় ১২০০ বর্গফুটের জায়গা প্রয়োজন উপজেলা পরিষদের প্রাঙ্গনে। স্কেচ দ্রুত তৈরি করে পাঠানোর জন্য পরিষদের সহযোগিতা কামনা করেন। | আমন ধান কর্তনে জনসচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান,এ মাসে হাওর উন্নয়ন প্রকল্পের আওতায় বুলবুলির খাল, ঢাকাদক্ষিন স্থাপিত মৎস্য অভয়াশ্রম মেরামত করা হয়। শুষ্ক মৌসুমে যেন দেশীয় প্রজাতির বিভিন্ন মাছ সেখানে আশ্রয় গ্রহন এবং বর্ষা মৌসুমে প্রজনন করতে পারে সেই উদ্দেশ্যে অভয়াশ্রমটি গুরুত্বপূর্ণ। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং অন্যান্য সকলের সহযোগিতা কামনা করা হয়। | দেশীয় প্রজাতির বিভিন্ন মাছের পরিচর্যা এবং বর্ষা মৌসুমে মাছের প্রজনন সঠিকভাবে বাস্তবায়নের জন্য সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২১৬২টি ,হাঁস মুরগীর চিকিৎসা ১৪৬২৬টি, কৃত্রিম প্রজনন ১৪৩। গবাদি পশুর টিকা প্রদান ১৯২টি, হাঁস মুরগীর টিকা প্রদান ২৮০০০ টি. উঠান বৈঠক আয়োজন ৬ টি। মানব সম্পদ উন্নয়ন ও উদ্যোক্তা তৈরিকরনের উদ্দেশ্যে "ব্যবসা পরিকল্পনা প্রণয়ন" বিষয়ক কর্মসূচীর জন্য প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানগণকে ২০ জন খামারীর তালিকা আগামী ২৪/১২/২৩ ইং মধ্যে প্রাণিসম্পদ দপ্তরে পাঠানোর জন্য অনুরোধ জানানো হয়। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের কাবিটা/কাবিখা, টিআর সাধারন ১ম পর্যায়ের কাজ দ্রুততার সহিত শেষ করা এবং ২য় পর্যায়ের সাধারন কাবিটা/কাবিখা, টিআর কাজ যথাসময়ে বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | ২০২৩-২৪ অর্থবছরের কাবিটা/কাবিখা, টিআর সাধারন ১ম পর্যায়ের কাজ এবং ২য় পর্যায়ের সাধারন কাবিটা/কাবিখা, টিআর কাজ এর ধারাবাহিকতা সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ২০২৪ সালের প্রাক প্রাথমিক শ্রেণী হতে অষ্টম শ্রেণী পর্যন্ত সকল শ্রেণীর বই পাওয়া গিয়েছে। আগামী ২১ তারিখ থেকে ২৪ তারিখের মধ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্টেনে বই বিতরন সমাপ্ত হবে। | গোলাপগঞ্জ উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্টেনে ২০২৪ সালের বই বিতরন সুষ্টুভাবে সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের নিমিত্তে শ্রেণী শিক্ষকগণের ৭ দিন ব্যাপী প্রশিক্ষন কার্যক্রম চলছে। ২০২৪ সালের নতুন পাঠ্যপুস্তক যা পাওয়া গিয়েছে তাহা ইতিমধ্যে শিক্ষা প্রতিষ্টানে পাঠানো হয়েছে। আশা করা যায় আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে অবশিষ্ট পাঠ্যপুস্তক উপজেলায় পৌছে যাবে। পাওয়া মাত্রই তাহা বিদ্যালয়ে প্রেরণ করা হবে যাতে করে ১ জানুয়ারী/২০২৪ তারিখে পাঠ্যপুস্তক উৎসব পালন করা যায়।দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১ জানুয়ারী/২০২৪ তারিখে পাঠ্যপুস্তক উৎসব সুষ্টু সুন্দরভাবে পালনের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ | জনস্বাস্থ্য | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান, বিভাগীয় কার্যক্রম | বিভাগীয় কার্যক্রমের | চেয়ারম্যান উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | প্রকৌশল বিভাগ | স্বাভাবিকভাবে চলছে। | ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের ২য় কিস্তির পেরোল আগামী ২০/১২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে পাঠানোর নির্দেশনা রয়েছে।অক্টোবর-ডিসেম্বর/২০২৩ খ্রিঃ সময়ের টাকা এমএফএস এর মাধ্যমে প্রত্যেক সুবিধাভোগীর নগদ (মোবাইল) একাউন্টে চলে যাবে। বিভিন্ন মাধ্যমে জানা যায় যে, প্রতারক চক্র ভাতাভোগীদের মোবাইল (হিসাব) নম্বরে ফোন করে ওটিপি নম্বর নিয়ে ভাতার টাকা হ্যাক করে নিয়ে যাচ্ছে, যা কোন ভাবে কাম্য নয়।এ বিষয়ে সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে জনসচেতনতা তৈরি ও উপকারভোগীদের কোন তথ্য কারো সাথে শেয়ার না করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে মোবাইল ফোনের মাধ্যমে কোন উপকারভোগীদের কাছে কোন তথ্য চাওয়া হয়না । তাছাড়া বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সামাজিক নিরাপত্তার উপকার ভোগীদের সার্বিক সেবা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান মাসে ২ জন প্রশিক্ষন প্রাপ্ত যুবককে ১,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়েছে। ২ টি ব্যাচে ভ্রাম্যমান প্রশিক্ষন আয়োজন করা হয়। গরু মোটাতাজাকরন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন বিষয়ে দুই ব্যাচ প্রশিক্ষনে প্রশিক্ষনার্থী ৬০ জন। তাছাড়া সিলেট জেলা প্রশিক্ষন কেন্দ্রে ফ্রি ল্যান্সিং প্রশিক্ষনে ২ জনকে, ড্রাইভিং প্রশিক্ষনে ২ জনকে পাঠানো হয়েছে। তাছাড়া জানুয়ারী'২৩ শুরু হওয়া প্রাতিষ্টানিক প্রশিক্ষনে ৬ জনকে পাঠানোর প্রক্রিয়া চলছে। উক্ত প্রাতিষ্টানিক প্রশিক্ষন সম্পূর্ন আবাসিক ও মেয়াদ ৩ মাস। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । পরবর্তী ঋণ প্রদান ও প্রশিক্ষন সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদকে আবশ্যিকভাবে সম্পৃক্ত করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরনের পরিমাণ ৪২.৮৪ লক্ষ টাকা। আদায়ের পরিমাণ ৪৬.৬৮ লক্ষ টাকা। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, সমবায় বিভাগের ২০২২-২৩ সনের মোট ৬৬ টি অডিট কার্য সম্পন্ন হয়েছে।সিভিডিপি প্রকল্পের আওতায় মোট ৬০ জনকে দিনব্যাপী প্রশিক্ষন প্রদান করা হয়েছে। | ২০২২-২৩ নিরীক্ষা সনের বার্ষিক অডিট কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমবায় কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যান্তরীন আমন ধান সংগ্রহ/২০২৩-২৪ চলমান আছে। অত্র উপজেলায় ধানের লক্ষ্যমাত্রা ৩৬৩ মে.টন,সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা ৪০ মে.টন, আতপ চালের লক্ষ্যমাত্রা ১২৩ মে.টন। সংগ্রহ কার্যক্রম চলবে ২৯/০২/২০২৫ খ্রিঃ পর্যন্ত। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | থাকবেন। | |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, নভেম্বর/২৩ ইং পর্যন্ত ঋণ বিতরন ১.০২ কোটি টাকা। আদায় ৬৭ লক্ষ টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরন ১ কোটি ৬ লক্ষ ৫০ হাজার টাকা, ঋণ আদায় ১ কোটি ১৫ লক্ষ ৩১ টাকা। আদায়ের হার ৯৮%।সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমাণ ১ কোটি ১৩ লক্ষ ১৫ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, বিএডিসি কর্তৃক নতুন সেচ স্কীমটি ভাদেশর ইউনিয়নের খমিয়া মৌজার ফেত্রায়নের প্রস্তাবনায় রয়েছে। উপজেলা সেচ কমিটির সিদ্ধান্ত গৃহীত হলে উক্ত স্থানে সেচ স্কীমটি বাস্তবায়ন করা হবে। | উপজেলা সেচ কমিটির সিদ্ধান্ত গৃহীত হলে উক্ত স্থানে স্কীমটি বাস্তবায়ন করা যেতে পারে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | চেয়ারম্যান আমুড়া ইউপি | চেয়ারম্যান আমুড়া ইউপি সভায় জানান যে, (ক) সম্প্রতি ১ % হতে তিনি ৩৮০৪৬৬.০০ টাকা বরাদ্দ পেয়েছেন। উক্ত টাকা দিয়ে ইউনিয়ন পরিষদ ভবনের রুফ টাইলস, অ্যাপ্রোন এবং সারফেস ড্রেন বাস্তবায়ন করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যেখানে প্রায় ৭ লক্ষ টাকা প্রয়োজন হবে।তিনি অতিরিক্ত টাকা বরাদ্দের জন্য উপজেলা পরিষদের | (ক) বিষয়টি সম্পর্কে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। (খ) বিধি মোতাবেক | চেয়ারম্যান উপজেলাপরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিকট অনুরোধ জানিয়েছেন<br>(খ) টিসিবি কার্ড সবগুলো বাতিল করে অন্য রঙের নতুন কার্ড তৈরির পরামর্শ প্রদান করেন। | স্বচ্ছতা ও সততার সহিত টিসিবির কার্যক্রম পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | |
| ২/২৩ | চেয়ারম্যান বুধবারীবাজার ইউপি | বুধবারীবাজার ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের কালীজুরী খালের স্লুইচ গেইট স্থানান্তর পূর্বক ঐ জায়গায় কালভার্ট নির্মাণের জন্য চেয়ারম্যান বুধবারীবাজার ইউপি সভায় জানান । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিষয়টি সম্পর্কে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষিঅফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২৪ | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি সভায় জানান, (ক) গোলাপগঞ্জ উপজেলায় কৈলাশ টিলা নামে ৯ টি কুপ থেকে গ্যাস এবং তেল উত্তোলন করা হচ্ছে। কৈলাশ টিলার লক্ষনাবন্দ ইউনিয়নের প্রতিটি ঘরে অগ্রাধিকার ভিত্তিতে গ্যাস সংযোগের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।<br>(খ) লক্ষনাবন্দ ইউনিয়নের কমলগঞ্জ বাজার থেকে লেহড়াপাড়া এলজিইডির আওতায় রাস্তা পাকাকরন কাজ বন্ধ রাখায় ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।<br>(গ)লক্ষনাবন্দ ইউনিয়নের ফুলসাইন্দ গ্রামে খাল খনন এবংনোয়াইচক গ্রামের বেড়ী বাদের তালিকা এলজিইডিতে দেওয়া হয়েছে কি অবস্থায় আছে পরবর্তী কার্যক্রম জানার জন্য সভায় আলোচনা হয়। | (ক) গ্যাস সংযোগের উদ্দ্যেশ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ও (গ) সংশ্লিষ্ট বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২৫ | চেয়ারম্যান গোলাপগঞ্জ ইউপি | চেয়ারম্যান গোলাপগঞ্জ ইউপি সভাকে জানান, তাঁর ইউনিয়ন পরিষদের আওতাধীন বেশ কয়েকটি বাড়ি থেকে হোল্ডিং ট্যাক্স সংগ্রহ করা যায়নি। তাদেরকে বিভিন্ন সময় মৌখিক ভাবে সতর্ক করা হলেও তা আমলে নেয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ইউনিয়ন পরিষদের মাসিক সভায় উক্ত বিষয়ে আলোচনা পূর্বক ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিবিধ | | উপজেলা পরিষদের আবাসিক এলাকায় সিসি ক্যামেরা ও যন্ত্রপাতি ক্রয় বাবদ ২৪,৯০০/-,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪,৮০০/-, নির্বাচনকালীন সময়ে পরিষদের নিরাপত্তার স্বার্থে নিয়োজিত আনসার সদস্যদের বিল বাবদ ২২,৮০০/-বিল সভায় উপস্থাপিত হয়। | আলোচনান্তে বিল গুলো উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব আব্দুল সোবহান পরিচ্ছন্নতাকর্মী ও ফাহিমা বেগম মালীর, অক্টোবর/২৩ মাসের মজুরী বাবদ ১২১০০/-+ ১২১০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৪১৮-৯ তাং১/১১/২৩।জনাব রাহেল আহমদ এর অনুকূলে পরিষদের দাপ্তরিক কাজের জন্য স্ক্যানার ক্রয় বাবদ ২৫০০০/-চেক প্রদান চেক নং ৭৩৮৯৪২১ তাং১/১১/২৩।রাহেল আহমদের অনুকূলে এক্সিকিউটিব টেবিল ক্রয় বাবদ ২৪৯০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৪২২ তাং১/১১/২৩।রাহেল আহমদের অনুকূলে অফিস সরঞ্জাম মেরামত বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৪২৩ তাং ১/১১/২৩।চেয়ারম্যান উপজেলা পরিষদের অনুকূলে ভ্রমন বিল বাবদ ৪৬,৯০২/-চেক প্রদান চেক নং ৭৩৮৯৪২৪ তাং১২/১১/২৩।ভাইস চেয়ারম্যানের অনুকূলে ভ্রমন বিল বাবদ ৩৫,৬০৩/-চেক প্রদান চেক নং৭৩৮৯৪২৫ তাং১২/১১/২৩।মহিলা ভাইসচেয়ারম্যানের অনুকূলে ভ্রমন বিল | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | বাবদ ৩২০৫৭/- চেক প্রদান চেক নং৭৩৮৯৪২৬ তাং ১২/১১/২৩।মেসার্স তিসাম এন্টারপ্রাইজ এর অনুকূলে বাসাবাড়ি মেরামত বাবদ ৫৩৫০৯১/- চেক প্রদান চেক নং৭৩৮৯৪২৭ তাং ১২/১১/২৩। তিসাম এন্টারপ্রাইজ এর ভ্যাট ও আয়কর বাবদ ৪৪৮৪১/- +১৭৯৩৭/- চেক প্রদান চেক নং৭৩৮৯৪২৮-৯ তাং ১২/১১/২৩।রাহেল আহমদ এর অনুকূলে সিসি ক্যামেরা ক্রয় ও মেরামত বাবদ ২৪,৯০০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৪৩০ তাং ১২/১১/২৩।তিসাম এন্টারপ্রাইজ এর অনুকূলে অডিটরিয়াম মেরামত বাবদ ২৭০৬৬৪/- চেক প্রদান চেক নং৭৩৮৯৪৩২ তাং২০/১১/২৩।অডিটরিয়াম এর ভ্যাট ও আয়কর বাবদ ২২৬৮২/- +৯০৭৩/- চেক প্রদান চেক নং ৮৪০৪৪৩৭-৮ তাং ২০/১১/২৩।আব্দুল কাদির এর অনুকূলে পরিষদের ময়লা আবর্জনা পস্কিার বাবদ ২৪৭৫০/- চেক প্রদান চেক নং ৮৪০৪৪৩৯ তাং ২৬/১১/২৩।জাকির হোসেনের অনুকূলে জীপ গাড়ি মেরামত বাবদ ২১০৪০/- চেক প্রদান চেক নং ৮৪০৪৪৪০ তাং২৮/১১/২৩।মেসার্স তাইয়িব্য এন্টারপ্রাইজ এর অনুকূলে ৯১৫১৪/-চেক প্রদান চেক নং৮৪০৪৪৪১ তাং২৮/১১/২৩।আব্দুল কাদির এর অনুকূলে পানির পাম্প সংযোজন বাবদ ৪৯৭০০/- চেক প্রদান চেক নং৮৪০৪৪৪২ তাং২৮/১১/২৩। | হয়। | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৭৯৬ — তারিখঃ ১৯/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা----------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।

CamScanner